
Tenets of Sadness

Tenets of Sadness

Nahida Ashrafi



Tenets of Sadness

Nahida Ashrafi

© Author

1st Published

Amor Ekushe Granthomela , 2020

Publisher

Porankotha

421, Lecture Theatre Bhaban, University of Dhaka, Dhaka-1000.

Mobile : 01726978957

Distributor



1 Concord Emporium, Katabon, Dhaka-1205

Mobile : 001727328723

Online Distributor

rokomari.com

Phone : 16297

Cover Design

Ayub Al Amin

Printed by

ADS Printing Press

234/D New Elephant Road, Dhaka-1205

Mobile : 01817078796

Price

250.00 BDT (US \$ 10)

ISBN : 978-984-34-8099-6

For

The Jarul and Sonalu Flowers,
I lost in my childhood

CONTENTS

As You Walk in my Thought	10
তোমাকে চেয়েছি	11
Eraser	12
ইরেজার	13
My Bath	14
স্নানপর্ব	15
Stopover	16
যাত্রা বিরতি	17
Tender for Buying an Afternoon	18
একটা বিকেল কেনার দরপত্র	19
Theory of Absorption	20
ধারণতত্ত্ব	21
Works of Sunrays	22
রোদ্দুর রচনাবলি	23
I Call it Disregard	24
নাম দিয়েছি অবহেলা	25
Autumn sky and a cup of tea	26
শরতের আকাশ ও এক কাপ চা	27
Inevitable Fiery Death	28
অনিবার্য আগুন-মরণ	29
Love is Nothing as a Matter of Fact	30
ভালোবাসা ও কিছু নয়	31
Let the Morning be Bright for You	32
আলোকিত ভোর হোক তোমাদের নামে	33
Load	34
টান	35

As the Spring Came to Mortuary	36
লাশকাটা ঘরে যখন বসন্ত এলো	37
A Painter and a Bangladesh	38
একজন চিত্রকর, একটি বাংলাদেশ	39
An Episode of Stealing a Heart	40
হৃদয় হরণ পর্ব-	41
Questions and Counter-Questions	42
প্রশ্ন ও প্রতি-প্রশ্ন	43
What Birds Think About Love	44
প্রেম নিয়ে পাখিরা যা ভাবে	45
A Poet, the Life Force of Eternity	46
কবি এক মহাকালের জিয়নকাঠি	47
Paromita's Diary	48
পারমিতার দিনলিপি	49
Swimming in the Sea of Death	50
মৃত্যুদরিয়ায় সাঁতার কাটা মানুষ	51
Life vis-à-vis Void	52
জীবন-শূন্যতার বিপরীতে	53
Ashes of Sundry Sorrows	54
বিবিধ বেদনার ছাই	55
Assumption	56
মনে করুন	57
Where Don't You Exist?	58
কোথায় নেই তুমি	59
Sycorax	60
সিকোরাক্স	61
Today, My Rain-enchanted Thoughts	62
আজ বৃষ্টিমাতাল মন	63
I address Them The Autumn	64
হেমন্ত সম্বোধনে ডাকি আমি	65
One Can Get A River If Desired	66
চাইলেই নদী পাওয়া যায়	67

Identity	68
আইডেন্টিটি	69
Really I Know Nothing	70
আমি আসলে কিছুই জানি না	71
Tormented Red Red Bombax Flower	72
লাল লাল শিমুলের ব্যথা	73
Whenever You Say Goodbye	74
তুমি যাই বললেই	75
Love is Like Grains of Corn	76
ভালোবাসা শস্য দানার মত	77
Tenets of Sadness- 1	78
বিরহসূত্র- ১	79
Tenets of Sadness- 2	80
বিরহসূত্র- ২	81
Tenets of Sadness- 3	82
বিরহসূত্র- ৩	83
Tenets of Sadness- 4	84
বিরহসূত্র- ৪	85
Tenets of Sadness- 5	86
বিরহসূত্র- ৫	87
Tenets of Sadness- 6	88
বিরহসূত্র- ৬	89
Tenets of Sadness- 7	90
বিরহসূত্র- ৭	91
Tenets of Sadness- 8	92
বিরহসূত্র- ৮	93
Tenets of Sadness- 9	94
বিরহসূত্র- ৯	94

As You Walk in my Thought

As you walk in my thought
The river, water and coast become silent
Who knew and when
Thoughts could go so turbulent!

As I gave a glance at you
Land and rebellion got flooded
Who knew and when
So much excess of aqua at my sight.

As I confessed to you
Everywhere broke out war and riot
Who knew and when
Deluge of word is costlier than faith.

As I touched you
Home and temple caught fire
Who knew and when
So much flames in the finger?

(Translated by Mohammad Nurul Huda)

তোমাকে চেয়েছি

তোমাকে ভেবেছি
তাতেই নীরব নদী, জল, উপকূল
কে জেনেছে কবে
ভাবনাতে এত অবাক হুলস্থুল।

তোমাকে দেখেছি
তাতেই ভাসল জমি, ভাসল দ্রোহ
কে জেনেছে কবে
দৃষ্টিতে এত জলের সমারোহ।

তোমাকে বলেছি
তাতেই যুদ্ধ, রায়ট সর্বগামী
কে জেনেছে কবে
কথার প্রলয় ধর্মের চেয়ে দামি।

তোমাকে ছুঁয়েছি
তাতেই পুড়ল ঘর, পুড়ল দেবালয়।
কে জেনেছে কবে
স্পর্শে এত আগুন জুড়ে রয়।

Eraser

The longest shadow while decaying bit by bit
Hang down from the worn-out cornice in the long run.
My brown-colored sorrows
Open their mourning of the past
In the smell of sun with their hands and feet relaxed.
Sadness of afternoon retired as you approached.
The dead poem got back life at your touch.
Across the long-lived life of decayed age
I could reach the home of immortality.
Maybe none is aware, but I know for sure
Just a drop of your mercy is an adept eraser
Able to wipe out all sorrows of my life.

(Translated by Mohammad Nurul Huda)

ইরেজার

দীর্ঘতম ছায়া একটু একটু করে ক্ষয়ে ক্ষয়ে
শেষাবধি বুলে থাকে জংধরা কার্নিশে ।
আমার বাদামিরঙা বেদনারা
কপূর রোদে হাত-পা ছড়িয়ে,
মেলে ধরে বিগতশোক ।
তুমি এলেই বিকেলের বিষণ্ণতা পালিয়ে যেত ।
ছুঁয়ে দিলেই, মৃত কবিতা পেত প্রাণ ।
দীর্ঘায়ত জরাগ্রস্ত জীবন ভেদ করে
আমি পৌঁছে যেতাম অমরধামে ।
কেউ না জানুক, আমি তো জানি
তোমার এক বিন্দু করুণা,
আমার এক জন্মের দুঃখ মোছার
কি নিপুণ ইরেজার !

My Bath

O fog,
Lie down on the wall of washroom.
O dew,
Come, I would mix you with the water of bath.
O green,
Go on weaving touches in your own whims.
O life,
Warmth wants to touch and take you over.

Not declaring the end of
Longing, desires and wishes,
Let the middle-class moonlights
Bring out their pale faces!
Meanwhile I would rather finish my
Joyous bath In the waters soaked in stars.

(Translated by Mohammad Nurul Huda)

স্নানপর্ব

ও কুয়াশা,
শরীর বিছিয়ে দাও স্নানঘরের দেয়ালে ।
ও শিশির,
এসো স্নানের জলে মেশাব তোমায় ।
ও সবুজ,
স্পর্শ বুনে চলো আপন খেয়ালে ।
ও জীবন,
উষ্ণতা তোমায় ছুঁয়ে দেখতে চায় ।

অপেক্ষা, আকাঙ্ক্ষা আর ইচ্ছেদের
ইতি না টেনে,
অভিজাত আরশি থেকে
ফ্যাকাসে মুখ বাড়িয়ে থাকুক মধ্যবিত্ত জোছনারা ।
আমি বরং তারা-ভেজানো জলে সেরে আসি
সুখময় স্নানপর্ব ।

Stopover

I told you to send a sky by airmail. Like a bird's beak I pecked at life and stored some rhymes on it. Some straw-souls afloat, some handsome longings, some part-time agonies, and a bunch of decaying dissents. Alas! Nothing did we miss in arranging this household of ours. I thought, I would re-arrange our entire household as soon as I win the sky. Alas, O my wretched household! Full of soul and soil. Full of shadows and fungus. Does such living together interwoven with each other mean living like a parasite? Didn't you notice the joy of dependence or the faith of reliance at all? Then listen, it's not fair to think that you cannot go ahead, or the desired platform will never appear, if a train stops halfway on its journey.

Have you forgotten that before reaching the final destination, there are often some stopovers in any journey?

(Translated by Mohammad Nurul Huda)

যাত্রা বিরতি

ডাকযোগে একটা আকাশ পাঠাতে বলেছিলাম তোকে। পাখির ঠোঁটের মতন খুঁটে খুঁটে জমিয়েছিলাম কিছু জীবন বিষয়ক পদাবলি। কিছু ভাসমান খড়কুটো প্রাণ, কিছু কমনীয় কাতরতা, কিছু খণ্ডকালীন দুঃখবোধ আর একগুচ্ছ ক্ষয়িস্ফু ক্ষেভ। আহা! কি না ছিলো এই সংসার আয়োজনে? ভেবেছিলাম আকাশটা পেলেই সাজিয়ে নেবো সুনিপুণ গৃহস্থালি। হায়রে সংসার! কত মায়া আর মৃত্তিকার। কত ছায়া আর ছত্রাকের। এমন জড়িয়ে বেঁচে থাকার মানেই বুঝি পরগাছা হয়ে বেঁচে থাকা? নির্ভরতার সুখটুকু কিংবা অবলম্বনের আস্থাটুকু তোর চোখেই পড়লো না? তবে শোন; মাঝপথে ট্রেন থামলেই ধরে নিতে নেই যে আর বুঝি এগুনো যাবে না। আর বুঝি দেখা মিলবে না কাক্ষিত প্ল্যাটফর্মের।

ভুলে গেছিস বুঝি ; গন্তব্যের আগে সর্বদাই কিছু যাত্রা বিরতি থাকে।

Tender for Buying an Afternoon

I shall sell the sleepless nights in the market of fireflies.
Long I have cherished the desire to buy an afternoon
stretched from the Bay of Bengal to the Himalayan peaks.
Angling at the bosom of that afternoon
surrounded with sun-drenched deodars and green Olives
I shall catch golden caress and resonance of your past touch.

(Translated by Mohammad Nurul Huda)

একটা বিকেল কেনার দরপত্র

ঘুমহীন রাতগুলো আমি বেচে দেবো জোনাকির হাটে ।
আসমুদ্রহিমাচল এক বিকেল কেনার শখ বহুদিনের ।
রোদ মাখানো দেবদারু আর জলপাই সবুজ
সেই বিকেলের বুকে ছিপ ফেলে, তুলে নেবো
তোর সোনালি অনুরাগ আর বিগত স্পর্শের অনুরণন ।

Theory of Absorption

Woman,
The guy who throws an arrow
Targeting at your tearful eyes in sarcasm,
Ask him the summary of the theory of absorption
Ask him the style-craft of writing the book of life
Ask him the first lesson of resilience.
In fact, he knows nothing whatsoever,
Nothing at all.
Surely he does not know that
A prehistoric sword glistens
In each drop of tear.
A spark of cosmic fire glitters
Behind each smile.

At least let him know that
The guy who lives on consuming a woman
Before his birth and death,
If he does not become true human
He deserves maximum mercy or disregard.
O the ignoble man, at least become
Worthy of drawing genuine hatred from a woman.

(Translated by Mohammad Nurul Huda)

ধারণতত্ত্ব

নারী তোমার জলজ চোখে
বিদ্রুপের বাণ হাঁকে যে পুরুষ,
তাকে জিজ্ঞেস করো ধারণতত্ত্বের মর্ম
তাকে জিজ্ঞেস করো জীবনবিদ্যার রচনারীতি
তাকে জিজ্ঞেস করো সহিষ্ণুতার প্রথম পাঠ।
বস্তুত এসবের সে কিছুই জানে না,
কিছুই না।
সে জানে না;
প্রতিটি চোখের জলে চিকচিক করে
এক প্রাগৈতিহাসিক তরবারি।
প্রতিটি হাসির আড়ালে খেলা করে
এক চিলতে মহাজাগতিক আগুন।
তাকে অন্তত এটুকু জানিয়ে দাও,
জন্মের আগে ও পরে
নারীকে খেয়ে বেঁচে থাকে যে পুরুষ
সে মানুষ না হলে
তাকে সর্বোচ্চ করুণা অথবা অবজ্ঞাই করা যেতে পারে।
ওহে নাদান পুরুষ,
নিদেনপক্ষে নারীর ঘৃণা পাবার যোগ্য হয়ে ওঠো।

Works of Sunrays

Dithering has taken over the entire homestead. Kiln of suspicion is ablaze without wavering. Wood of conflict supplies fuel. Someone seems to hang time, not so bright. Flute of disbelief at the tune of words falls down like the false pearls and smiles. Days and nights pass along with illness and mourning, accompanied by our dying love.

Despite all these pale seasons sunrays beam like virgin gold. Like the creepers of gourd spread the wishes with no reason. They read the works of sunrays leaning against the back of Kingfishers.

(Translated by Mohammad Nurul Huda)

রোদ্দুর রচনাবলি

দ্বিধারা সংসার পেতেছে ঘর জুড়ে । দ্বন্দ্বের কাঠ পেয়ে নির্দিধায় জ্বলছে
সন্দেহের উনুন । জানালাতেও কে কবে যেন টানিয়ে গেছে অনুজ্জ্বল সময় ।
মেকি মুক্তো ঝরে পড়া হাসি আর কথার গানে অবিশ্বাসের সানাই । রোগশোক
বয়ে চলা দিন আর রাত , সাথে আমাদের মুমূর্ষু ভালোবাসা ।

এতসব মলিন মৌসুমেও কাঁচাসোনা রোদ ওঠে । লাউয়ের ডগার মত
লকলকিয়ে বাড়ে অকারণ ইচ্ছেগুলো , মাছরাঙা পাখির পিঠে হেলান দিয়ে যারা
শুধুই পাঠ করে চলে রোদ্দুর রচনাবলি ।

I Call it Disregard

There is a white ant called disregard
Who eats up the heart blameless
Separation blossoms engulfing excuses
Love prostrates under the tree careless.

Not a cuckoo, rather I wear the habit of a crow,
I survive everyday with hatred between my lips.
After you fly afar sucking the honey of wedlock
Again I bring in order the courtyard you've left.

(Translated by Mohammad Nurul Huda)

নাম দিয়েছি অবহেলা

অবহেলা নামে এক উইপোকা আছে
হৃদয় যে নিপুণভাবে কুরে খেয়ে যায় ।
বাহানার বৃক্ষ জুড়ে বিরহের ফুল
ভালোবাসা পড়ে থাকে গাছের তলায় ।

আমি তো কোকিল নই কাকের স্বভাব
ঠোঁটে নিয়ে বেঁচে আছি রোজকার ঘৃণা ।
পরিণয় মধু নিয়ে দূরে উড়ে গেলে
গুছিয়ে রাখি ফের তোমার আঙিনা ।

Autumn sky and a cup of tea

Soon after painting a kiss on the circumference
The sun-burnt coppery love glittered brilliantly.
Smokes went on writing the epitaph of living silently.
Old poems with drops of sweats quietly plant seeds
In abortive gardens. Former Mona Lisas keep hanging
From the salt-laden walls of our hearts.
We love clever words for advertisements and marketing.
Yet all these mistakes bring about silent happiness,
Romantic environment and thrills of Kash-contact.
Really, if we get a garden of Kash flowers, we can
Also weave one after another the pillows of happiness
Combining all threads of memory stored in the corners
Of this geometrical life. Then we would pass all our
Household life—oil-soaked and worn-out-on some
White colored common carpet spread on the floor.
Can someone lend me a sky of autumn? If so,
I shall stitch all torn clouds with my little needle
Knitting a mature embroidered quilt of wedding.

(Translated by Mohammad Nurul Huda)

শরতের আকাশ ও এক কাপ চা

পরিধিতে চুম্বন রাখতেই
রোদে পোড়া তামাটে প্রেম বলমলিয়ে ওঠে ।
ধোঁয়ারা নিঃশব্দে লিখে চলে বেঁচে থাকার এপিটাফ ।
পুরোনো কবিতারা -
ঘর্মাক্ত কলেবরে বীজ বোনে বিকল বাগানে ।
হৃদয়ের নোনা ধরা দেয়ালের ভাঁজে ভাঁজে
বুলে থাকে প্রাক্তন মোনালিসারা ।
ভালোবাসি-বিপণনে বিজ্ঞাপনের চতুর ভাষা ।
তবু এই সব ভুলেরাই আনে নিঃশব্দ সুখ,
রোমাঞ্চিত আমেজ আর কাশছোঁয়া শিহরণ ।
সত্যি, একটা কাশের বাগান পেলে
জ্যামিতিক জীবনের কোনাকানছিতে জমে থাকা
স্মৃতির তুলো এক করে গড়ে নিতাম সুখের বালিশ ।
অতঃপর শুভ্র শতরঞ্জিতে কাটিয়ে দিতাম
তেল চিটচিটে ছেঁড়া ফাটা গৃহস্থজীবন ।
একটা শরতের আকাশ দেবে কেউ?
আমি ছেঁড়া মেঘ সুঁচে গেঁথে গড়ে নেব
প্রণয়ের পরিণত নকশিকাঁথা ।

Inevitable Fiery Death

Smells of gunpower floating in the mind,
Soul rotten inside aromatic body,
Soiled fall of conscience.
In a bid to taste the fruits of blood
Wild flies try to suck human essence of brain.

Time the killer halts abruptly.
In the intangible cultivation of self conquering
Groaning becomes the melody of midnight.
In the tricks of sadness
Nights cry out like the hairless dogs with scars.
Yet in the inevitability of some alphabet
And craziness of some languages
Morning wakes up in the bosom of an injured night,
Red china-rose grows inside stomach.

Someone fastens desperate wings on the back of words,
Wind sings out the song of flight jerking off horror
Who would check then its fiery death?

(Translated by Mohammad Nurul Huda)

অনিবার্য আগুন-মরণ

মনন জুড়ে বারুদের গন্ধ,
সুরভিত শরীর জুড়ে আত্মার পচন, বিবেকের ক্লদাক্ত পতন।
রক্তফলের স্বাদ নিতে
বুনো মাছি শুষে নিতে চায় মগজের মানবিকতা।
আততায়ী সময় থমকে দাঁড়িয়ে যায়।
আত্মজয়ের বিমূর্ত চাষাবাদে
গোঙানি হয়ে ওঠে মধ্যরাতের পঞ্চমী সুর।
বিষাদের মারপ্যাঁচে,
রাতগুলো কেঁদে চলে রোয়া ওঠা কুকুরের মত।
তবু কী এক অক্ষরের অনিবার্যতায়
কী এক ভাষার উন্মাদনায়
আহত রাতের বুকে জেগে ওঠে ভোর,
আলোর জঠরে ফোটে রক্তজবা।
শব্দের পিঠে কারা যেন জুড়ে দেয় সাহসী ডানা
ভয় ভুলে বাতাসও গেয়ে ওঠে উড়ালের গান
কে আজ ঠেকাবে তার আগুন-মরণ?

Love is Nothing as a Matter of Fact

Love is nothing as a matter of fact.
At dead of night when your slumber is broken
You gaze at the loving face of the child without reason,
As if in an assurance of safety for happiness!

Love is nothing, as a matter of fact.
You hide the umbrella of your husband ready for his office
When it's raining cats and dogs everywhere,
Utter 'O! when would you learn to eat like a good boy'
while wiping the corner of his eyes in breakfast table,
Although there sticks nothing in his lips
Apart from some streaks of caring affection.

Love! It's nothing at all.
You burn your hand again and again and taste salt instead.
You search out endless agile time
On the map of contented face of the beloved one.

Love! It's nothing at all.
Love is some small coins stored in an empty milk container
Resembling little love and affection and
Eternal surprise is awake all of a sudden.

Love is nothing at all.
It's just fastening a bell to the neck of a middle-aged noon;
Sprinkling water of waiting to sleepy eyes;
Looking the sky through northern window
You know quite well
His college closes exactly at three PM.

Surely love is nothing at all.
If you weave the sky with the earth in an autumn evening
Clouds suffer from the sorrows of separation.
Yet the request of the eyes in huff and pique
Start translating the scarf of water.

Love! That's nothing, nothing at all.
Really, it's nothing .

(Translated by Mohammad Nurul Huda)

ভালোবাসা ও কিছু নয়

ভালোবাসা, ও কিছু নয়

গভীর রাতের ঘুম ভেঙে গেলে, অকারণেই শিশুটির
মায়াভরা মুখের দিকে তাকিয়ে থাকো তুমি।

এ যেন এক সুখের বরাভয়।

ভালোবাসা! ও কিছু নয়

ঝুম বর্ষায় অফিসগামী স্বামীটির ছাতা লুকিয়ে রাখো,
নাস্তার টেবিলে ঠোঁটের কোণ মুছে দিতে দিতে বলো
'উফ! কবে যে ঠিকঠাক খেতে শিখবে।'

যদিও অই ঠোঁটে কিছুই থাকে না লেগে,
থাকে শুধু বিমুগ্ধ প্রণয়।

ভালোবাসা? ও কিছু নয়

বারংবার হাত পোড়াও, লবণ চাখো।

প্রিয় মানুষের তৃপ্তি ভরা মুখের মানচিত্রে
খুঁজে নাও অনন্ত সবুজ সময়।

ভালোবাসা! ও কিছু নয়

ও শুধু ডানোর কৌটোয় দুই, পাঁচ, দশ
করে জমে ওঠা খুচরো স্নেহ, মায়া আর
আচমকা জেগে ওঠা অনন্ত বিস্ময়।

ভালোবাসা ও কিছু নয়

মাঝবয়েসী দুপুরের গলায় অকারণ ঘন্টি বাঁধো।

ঘুমমাখা চোখের পাতায় অপেক্ষার জল ছিটাও।

উত্তরের জানালা থেকে রাস্তা দেখা যায়।

তুমি ঠিক জানো

বেলা তিনটায় ওর কলেজ ছুটি হয়।

ভালোবাসা, সত্যিই কিছু নয়।

শরৎ সন্ধ্যায় আকাশ মাটিতে বুনে দিলে

মেঘের বিরহ শুরু হয়।

জলের আঁচল তবু অনুবাদ করে চলে

অভিমানী চোখের অনুনয়।

ভালোবাসা ও কিছু নয়, কিছু নয়

সত্যিই কিছু নয়...

Let the Morning be Bright for You

The same sky the same sun we share every day
The same earth the same air and this pleasant mind.
The sun never tells you to take light in less quantity.
Did the earth ever love with complex calculation?
Moonlight burns in all houses of workers and employers.
Has the moon taken unfair share by hook and crook?
God has created humans with similar noses and faces
Who are you to create a balloon of discrimination?
Blood of all of us under white and black skin is red
This superficial discrimination also eats up all the times.
Those who make history and civilization by your toil and
Sweats, let all the mornings burn vivid for you on this earth.

(Translated by Mohammad Nurul Huda)

আলোকিত ভোর হোক তোমাদের নামে

একই আকাশ একই সূর্য ভাগ করে নেই নিত্য
একই মাটি একই বাতাস প্রশান্ত এই চিত্ত ।
সূর্য তো কভু বলে না তোমায় কম করে নাও আলো
মাটিও কি কভু হিসেব কষেই তোমাকে বেসেছে ভালো?
শ্রমিক মালিক সবার ঘরেই জ্যোৎস্নার আলো জ্বলে
অন্যায় ভাগ করেছে কি চাঁদ ছলে বলে কৌশলে?
একই রকম চোখ নাক মুখে বিধাতা গড়েছে মানুষ
তুমি তবে কে হে? খেয়ালে বানাও বিভেদ নামক ফানুস ।
সাদা কালো সব চামড়ার নিচে রক্ত সবারই লাল
বাহ্যিক এই বৈষম্যও কুড়ে খায় চিরকাল ।
সভ্যতা আর ইতিহাস গড়ে যাদের শ্রমে ও ঘামে
পৃথিবীর সব আলোকিত ভোর হোক তোমাদের নামে ।

Load

Sheltered by a handloom
The gaudy yarn of parasite becomes good-looking.
Then in an auspicious moment
The creation goes to a love-tryst leaving behind the creator.
Moving from one bare hand to another on this earth
Creation itself is bereft of its track.
At day-end there prostrates in the forlorn home
The heart-rending reverberation of the weaving loom.
The more the loom is thoughtful ,
the more the yarn hits back ,
The more the flickering of smiles is woven in void.
The colored loom-sari thinks, the loom is too novice;
That the loom is easily deceived.
At day-end it returns to count the amount of deception.
Tell me, who is shouldering the load of deception?

(Translated by Mohammad Nurul Huda)

টান

তাঁতের আশ্রয়ে
পরগাছা রঙ্গিলা সুতো হয় দৃষ্টিনন্দন ।
অতঃপর কোন এক মাহেন্দ্রক্ষণে
স্রষ্টাকে ছেড়ে সৃষ্টি চলে অভিসারে ।
পৃথিবীর নগ্ন হাতে ঘুরে ঘুরে সৃষ্টি ভ্রষ্ট হয় নিয়ত ।
দিন শেষে শূন্য ঘরে, রিক্ত শূন্য থাকে পড়ে
তাঁত ও তাঁতের বুক ভাঙা হাহাকার ।
যতবার ভাবে তাঁত, সুতোর দাম্বিক আঘাত
শূন্যতায় মৃদু হাসি আঁকে ততবার ।
রঙ্গিলা তাঁতের শাড়ি, ভাবে তাঁত খুব আনাড়ি
ফাঁকি বুঝি অনায়াসে দেয়া গেল ।
দিনান্তে ফিরে এসে, ফাঁকির হিসেব কষে,
বল তো ফাঁকির বোঝা কে বয়ে বেড়ালো?

As the Spring Came to Mortuary

All our days grow old before our eyes. Mid-days place their hand on afternoon limping. When the dusk swims with red-ochre water, the evening starts writing couplets regularly under a light-tree. The song-owner is unaware of the girl looking for him keenly. A black sari is woven with no fold at night. The girl also does not know that the song-owner leaves behind some tune for her in the anchal of that sari. An old tree mixes some jingling of faded leaves to that music. Look! The dwelling home of the city of heart heaves and swings over and over again. Emotion breaks in ripples. Adamant waves of love find outlets in the ecstasy of words...

Waves dashing against the shore
Waves dashing against the shore
Waves dashing against the shore

Then there passed the time eternal. In the mortuary the song-owner killed in accident keeps his eyes on the eyes of the girl. Smiling a little the girl also catches his hand. 'Failed Lover's suicide in poison'-the headline of newspapers. Urban civilization gets excited seeing it while sipping tea. The song-owner paints his icy kiss on the blue lips of the girl and makes the death warm as well. Dead mist shakes off all sadness and laughs loudly. The old tree is amazed to see a wild jasmine-green and magical-blooming under its shadow.

That is for the first that a saint ever came to a mortuary.

(Translated by Mohammad Nurul Huda)

লাশকাটা ঘরে যখন বসন্ত এলো

চোখের সামনেই দিনগুলো রোজ বুড়ো হয়। খুঁড়িয়ে খুঁড়িয়ে দুপুরগুলো বিকেলের হাতে হাত রাখে। গোধূলি যখন সাঁতার কাটে গেরুয়া জলে, সন্ধ্যে তখন রোজনাচা লেখে আলোবৃক্ষের তলায় বসে। গানওয়ালা জানে না এক মন-কেমন-করা বালিকা রোজ খোঁজে তাকে। রাতের শরীর জুড়ে কালো শাড়ির নিপাট বুনন। বালিকাও জানে না তারই জন্যে গানওয়ালা সুর রেখে যায় সেই শাড়ির আঁচলে। এক প্রাচীন বৃক্ষ তার বিবর্ণ পাতার নূপুরধ্বনি জুড়ে দেয় গানে। আহা...হৃদয়পুরের বসতবাটি দুলে ওঠে। আবেগের পাড় ভাঙে। প্রণয়ের সাহসী ঢেউ শব্দগত উচ্ছ্বাস তোলে..

ছলাৎছল

ছলাৎছল

ছলাৎছল

অতঃপর কেটে গেল অনন্তকাল। লাশকাটা ঘরে অপঘাতে মৃত গানওয়ালা বালিকার চোখে চোখ রাখে। মৃদুহেসে হাতখানি ধরে বালিকাও। ‘ব্যর্থ প্রেমিকার বিষপানে আত্মহত্যা’-পত্রিকার শিরোনামে চোখ রেখে ধোঁয়া ওঠা চায়ের কাপে উষ্ণতা খোঁজে নাগরিক সভ্যতা। গানওয়ালা বালিকার নীল ঠোঁটে চুম্বন এঁকে হীম শীতল মৃত্যুকেও উষ্ণ করে তোলে। মৃত কুয়াশা তার বিষণ্ণতা ঝেড়ে হেসে ওঠে। প্রাচীন বৃক্ষ অবাক তাকিয়ে দেখে তারই ছায়ায় মাথা তুলেছে এক সবুজ মায়াবী বনমল্লিকা।

সেই প্রথম কোন লাশকাটা ঘরে বসন্ত এসেছিলো।

A Painter and a Bangladesh

A sleepless dreadful night, at every step
Frequented by the danger of wild beasts.
Song of death, dying poetry with no punctuation.
Some heap of garbage like failure
And some wounded birds –
You took them all in utmost affection.
You walked in slow but steady steps
And stopped suddenly before a barren canvas.
At the magic contact of your fingers
The canvas got covered with endless
Green in repeated swings.
Like a skillful artist you added sea,
River, forest, bushes, courtyard, small huts,
Fields, platforms and assured household.
As soon as coating of blue was given
The pale sky got back its unique color.
The dreadful night ignited amazing fireflies of light.
Dead music enriched with innovated tune.
Injured poems got back a tune of a new sun.
Wounded poems were blessed with fresh youth
And wore a new look with slogans of protests.
You fastened free feathers at the wings of a birds
With broken wings. Your fingers also went on
Painting granaries full of harvests, shepherd's
Flute, boatmen, white shapla... and what not!
Close to the sky the painter drew a red-green
Sun and wrote on it a name–Bangladesh.

(Translated by Mohammad Nurul Huda)

একজন চিত্রকর, একটি বাংলাদেশ

একটা নির্ঘুম ভয়াল রাত, প্রতিপদে শ্বাপদ সংকট
মৃত্যুসংগীত, যতি চিহ্নহীন মুমূর্ষু কবিতা।
আবর্জনার মত কিছু ব্যর্থতার স্তুপ
আর কিছু আহত পাখি—
পরম মমতায় তুলে নিলে কাঁধে।
ধীর অথচ দৃষ্টপায়ে হেঁটে এসে থমকে দাঁড়ালে
এক বন্ধ্যা ক্যানভাসের আগে।
তোমার আঙুলের জাদুকরী সান্নিধ্যে
ক্যানভাস দুলে দুলে ছেয়ে গেল অসীম সবুজে।
এক নিপুণ শিল্পীর মত একে একে জুড়ে দিলে
সাগর, নদী, বনবীথিকা, ছোট ছোট ঘর, উঠোন,
ক্ষেত, মাচা, নিশ্চিত গৃহস্থালি।
নীলের প্রলেপ মাখাতেই বিবর্ণ ফ্যাকাশে আকাশ
ফিরে পেল তার নিজস্ব রঙ।
ভয়াল রাতে জ্বলে দিলে আশ্চর্য আলোর জোনাকি।
মৃত সংগীত পেল নবারণ সুর।
প্রতিবাদী শ্লোগানের রূপ পেয়ে
আহত কবিতারা হলো নবযৌবনা
ডানা ভাঙা পাখির পাখায় এঁটে দিলে স্বাধীন পালক।
তোমার আঙুল আরও এঁকে চলল-গোলাভরা ধান,
রাখালের বাঁশি, নৌকার মাঝি, শুভ্র শাপলা... আরও কত কী!
আকাশের কাছাকাছি লাল সবুজের সূর্য এঁকে
লিখে দিলে একটি নাম-বাংলাদেশ।

An Episode of Stealing a Heart

If you want-
I'll have Einstein write
one hundred and seventy three love poems.
And Rabindranath will formulate
the whole theory of relativity.

If you want-
Van Gogh will make a storm in music,
rendering songs of mollar or bhairabi ragas.
And in exchange of your derelict smile,
I'll declare for you the whole of my heartland.

(Translated by Mohammad Shafiqul islam)

হৃদয় হরণ পর্ব-

তুমি চাইলেই-

আইনস্টাইন কে দিয়ে লিখিয়ে নেবো

একশ তিয়াত্তরটি প্রেমের কবিতা ।

আর রবিবাবু বানিয়ে দেবেন

আন্ত এক খিওরি অফ রিলেটিভিটি ।

তুমি চাইলেই-

ভ্যানগগ বিটোফেন এ তুলবে ঝড়

গাইবে রাগ মল্লার বা ভৈরবী ।

আর তোমার উপেক্ষিত হাসির বিনিময়ে

আমি লিখে দেবো হৃদয়ের ভিটেমাটি ।

Questions and Counter-Questions

Q:

May I know which ministry has given you
the responsibility of implanting the seeds of love,
watering the arid heartland?

Counter Q:

Burnt by the wildfires flared up in the forest of your heart,
when greens fly alone like dust in your heart's desert,
can I keep quiet then, witnessing?

Q:

Relying on the aridity of the heart's desert,
with care, a corrupt ironman
has built a stone palace in that desert.
Can I bear the weight?

Counter Q:

The overturned sky becomes a basket,
I fill its womb with all the love of the wide world
just to bestow the basket of love on your feet.
Can I bring the basket?

(Translated by Mohammad Shafiqul islam)

প্রশ্ন ও প্রতি-প্রশ্ন

প্রশ্ন :

শুষ্ক মনোভূমিকে জল সেচের আওতায় এনে
ভালোবাসার বীজ বোনার দায়িত্ব
তোমায় কোন মন্ত্রণালয় দিয়েছে, জানতে পারি?

প্রতি-প্রশ্ন :

তোমার মন-গাঁয়ের বনাঞ্চলে জ্বলে ওঠা দাবানলে দক্ষ হয়ে
সবুজ যখন মন-মরুতে একলা ওড়ে ধুলোর মতন,
দেখেও কি তা মানতে পারি?

প্রশ্ন :

হৃদয় মরুর শুষ্কতাকে পূঁজি করে
অসাধু এক লৌহমানব খুব যতনে
সেই মরুতে গড়েছে এক পাথর প্রাসাদ।
এই বোঝা কি টানতে পারি?

প্রতি-প্রশ্ন :

আকাশটাকে উল্টে দিতেই দিব্যি একটা বুড়ি হলো,
যার জঠরে এক পৃথিবী প্রেম সাজালাম
তোমার পায়ে লুটিয়ে দিতে।
বুড়িটা কি আনতে পারি?

What Birds Think About Love

Humans never understand
what birds think about love,
human minds won't look for
thrill and appeal of this love.

Love letters in birds' eyes,
lips tremble in thirst,
dreams in each fold of fluffs,
minds sway in loves' weight.

Why don't we have a bird mind?
Neither belief in wings.
Why does hesitation hang on hearts
to know or let know the feelings?

Bird minds are lakes
where bloom blue asphodels,
like birds, keep holding tight
pollen-smeared two hands.

Love isn't any punthi reading,
neither is it a dictionary,
I'm yet to know what love is,
but birds know how to love.

(Translated by Mohammad Shafiqul islam)

প্রেম নিয়ে পাখিরা যা ভাবে

প্রেম নিয়ে পাখিদের অনুভব
মানুষ তা কখনই বুঝবেনা
এ প্রেমের শিহরিত আবেদন
মানুষের মনোভূমি খুঁজবে না ।

পাখিদের চোখজুড়ে প্রেমচিঠি
ঠোঁটজুড়ে তৃষিতের হাহাকার
পালকের ভাঁজে ভাঁজে স্বপ্ন
মনদিঘি প্রণয়ের জলে ভার ।

আমাদের নেই কেন পাখিমন?
আরও নেই বিশ্বাস ডানাতে
দ্বিধা কেন ভর করে হৃদয়ে
অনুভব জানতে বা জানাতে ।

পাখিদের মনগৃহে সরোবর
প্রেমে ফোটে নীল নীল পারিজাত
পাখিদের মত করে ধরে রাখো
প্রণয়ী পরাগ মাখা দু'টি হাত ।

ভালোবাসা নয় কোন পুথিপাঠ
নয় কোন শব্দের অভিধান
হয়নি তো জানা আজও প্রেম কী
প্রেম জানে শুধু ওই পাখিপ্ৰাণ ।

A Poet, the Life Force of Eternity

On the fringe of the street, a few bookstores
always draw images of their own aesthetics.
The most aristocratic house of the vicinity
tells tales of history and heritage every day.
The street on the fringe is bewitched with
artwork and craft of geometrical precision.
The parks and gardens of the city
are absorbed in architecture and fine arts
as if they were proud princesses.
The bookshop in which your words play,
the house that you return to at the end of the day,
the streets that hear your footsteps every day,
the gardens where sunshine draws shades every morning
are indeed worthy of telling such tales of aesthetics
and fine arts,
glorifying tradition, writing royal words.
What we can at best do is touch sunshine, gardens, or light.
You, only you know, O the poet,
how to touch eternity silently.

(Translated by Mohammad Shafiqul islam)

কবি এক মহাকালের জিয়নকাঠি

রাস্তার শেষ মাথায় দাঁড়িয়ে থাকা কিছু বইয়ের দোকান
তঁর নিজস্ব নান্দনিকতার ইমেজ আঁকে প্রতিনিয়ত ।
পাড়ার সবচেয়ে অভিজাত বাড়িটা
তঁর ইতিহাস আর ঐতিহ্যের গল্প শোনায় প্রতিদিন ।
শেষ মাথা অবধি ছুটে চলা রাস্তাটা
তঁর নির্মাণশৈলী আর জ্যামিতিক পরিমাপের নিপুণতায় মুগ্ধ ।
শহরের পার্ক ও বাগানগুলো
রাজসিক স্থাপত্যকলা ও সজ্জিত সুকুমারবৃত্তিতে নিমগ্ন
ঠিক যেন অহংকারী রাজনন্দিনী ।
যে বইয়ের দোকানে তোমার শব্দে খেলা করে,
যে বাড়িটায় দিনশেষে তোমার আগমন ঘটে,
যে রাস্তা প্রতিদিন তোমার পদশব্দ শোনে,
প্রাতঃপ্রমুখে রোদ তোমার ছায়া আঁকে যে বাগানে,
এমন নান্দনিকতা ও নিপুণতার গল্প
এমন ঐতিহ্য আর রাজসিক বাক্যবিন্যাস তো ওদেরই মানায় ।
আমরা বড়জোর রোদ, বাগান বা আলো ছুঁতে জানি ।
শুধু তুমিই জানো কবি
নিঃশব্দে কি করে মহাকাল ছুঁতে হয় ।

Paromita's Diary

Some lavish diffidence, some petite pleasures,
some fragrant memories that smell
like the new sari yet to be unfolded,
a pair of silver anklets,
looking to and fro with a throbbing heart,
landing a sudden kiss.
A green, algae-filled afternoon, holding hands,
some blatant touches, some restless moments rife with silts,
and twenty-two letters –
Paromita had nothing more in her life.
It was more than enough in a lifetime, she thought.
Despite no demands,
the generous God offered something more.
A strenuous clerk life, a queasy congestion in the local bus,
bargaining in the turbid,
muddy evening market to buy cheap vegetables,
serving the old father,
looking after the younger brother–mother's no more
some ugly looks in the dark alleys,
some carnal calls in indecent, dirty words,
and the monotonous daily routine back home.
Paromita is now used to all these.
Raped by poverty, Paromita realized
only atrocities of red ants and tarnished sunlight
of the city wait for her.
This city has convicted flowers of Paromita's plait.
Long ago, in a false case of a murder
this city imprisoned the bird
that Paromita had nurtured with intense love in her heart.
With the acid of ridicule and neglect,
this city has singed her sky.
Living in the city, Paromita has realized:
love is indeed unearthly.
The world doesn't know its meaning.

(Translated by Mohammad Shafiqul islam)

পারমিতার দিনলিপি

কিছু শৌখিন দ্বিধা, কিছু খুচরো আনন্দ,
ভাঁজ না ভাঙা নতুন শাড়ির
গন্ধের মত সুরভিত কিছু স্মৃতি
একজোড়া রূপার নূপুর,
একটা বুক টিপটিপ করা ইতিউতি
চেয়ে নিয়ে ঝুপ করে দেয়া চুমু।
একটা হাত ধরা সবুজ শ্যাওলা বিকেল,
একটু নির্লজ্জ ছোঁয়াছুঁয়ি,
গোপন আদরের পলিজমা ছটফটে কিছু মুহূর্ত,
আর বাইশটা চিঠি—
পারমিতার জীবনে এর চেয়ে বেশি কিছু ছিল না সঞ্চয়।
বেঁচে থাকার এক জীবনে একে বেশ যথেষ্টই মনে হতো তার।
উদার ঈশ্বর, না চাইতেই বাড়তি পাওনা হিসেবে
জুড়ে দিলো আরও বেশ কিছু অনুষঙ্গ।
দশটা পাঁচটা কেরানিজীবন, লোকাল বাসের ঘিনঘিনে ঘেঁষাঘেঁষি,
থকথকে কাদাভরা সন্ধ্যার বাজারে সস্তা আলুপটলের হিসাব,
বৃদ্ধ বাবার সেবা, মা মরা ছোট ভাইটার দেখভাল,
চোরাগলির আধারে কিছু কুৎসিত চাহনি,
টসটসে রসময় ভাষায় কিছু শরীরী আহবান,
আর ঘরে ফিরতেই আষ্টেপৃষ্ঠে গিলে খাওয়া রোজকার রুটিন।
এসব পারমিতার এখন গা-সওয়া হয়ে গেছে।
অভাবের কাছে ধর্ষিত হতে হতে পারমিতা বুঝেছে
এই শহরের বিষ পিপড়েদের জংলীপনা
আর মরচেপড়া রোদের আলোই শুধু তার অপেক্ষায় থাকে।
এ শহর ফেরারি করেছে পারমিতার খোঁপার ফুল।
পারমিতার বুকের পাঁজর দিয়ে গড়া খাঁচায়
যে পাখিটা পুষেছিল—এ শহর তাকে মিথ্যে খুনের দায়ে
জেলহাজতে পুরেছে অনেক আগেই।
এ শহর পারমিতার আকাশ ঝলসে দিয়েছে
বিদ্রূপ আর উপেক্ষার এসিডে।
এ শহরে থেকে পারমিতা বুঝে গেছে;
ভালোবাসা বড্ড অপার্থিব।
এ পৃথিবী তার মানে জানে না।

Swimming in the Sea of Death

Humans swim in the sea of death even at birth.
How inebriating the water mixed with death!
Obsession with the inebriation makes them forget
the history of swimming.
While drowning, they think—
this is indeed the only secret scheme of living.
O fish in the name of humans
O birds in the name of fish
O flowers in the name of birds
breaking everything—be it water or shore,
inebriation or worship—
float up, at least once. Come see only once,
the life that flies, hinging on the bills of dying birds,
is the land of hopes in its own sky,
rife with plenty of captivated clouds,
and dream-filled stars...

(Translated by Mohammad Shafiqul islam)

মৃত্যুদরিয়ায় সাঁতার কাটা মানুষ

জন্মেই মৃত্যুর দরিয়ায় সাঁতার কাটে মানুষ ।
মৃত্যু মেশানো জলে কী যে এক নেশা ।
সে নেশার ঘোর ভুলিয়ে দেয় সন্তরণের ইতিহাস ।
ডুবতে ডুবতে ভাবে
এটাই বুঝি বেঁচে থাকার একান্ত গোপন কৌশল ।
ও মানুষ নামের মাছেরা
ও মাছ নামের পাখিরা
ও পাখি নামের ফুলেরা
কী জল কী ডাঙা
কী নেশা কী আরাধনা
সব ভেঙে একবার ভেসে ওঠো । একবার দেখে যাও ,
মরণ পাখির ঠোঁটে ভর করে ওড়ে যে জীবন ;
তার আকাশে কত আশালতা ভুঁই
কত মোহগ্রস্ত মেঘ
কত স্বপ্নগন্ধা তারা...

Life vis-à-vis Void

After you'd parted,
I didn't see any watercolour in the eyes of the sun.
Birds didn't mourn spontaneously too.
I was perplexed as you parted
but the habit of writing verse on pink paper
hasn't taken a turn at Alexander Dome.
For your disappearance,
the blind poet Homer didn't get back his eyesight.
Neither did anyone write more magnificent epics than
Iliad or Odyssey.
Even Sylvia Plath didn't stop writing letters for a moment.
Let's think then something else.
Just say:
What stopped for your disappearance?
Pollination of grass flowers?
Disobedience of wind?
Collection of young fish?
Surge of decadent politics or
birth of ordinary poetry?
Did anything stop happening?
Does anything really stop?
No, nothing.
Yawning, the days wake up at crematoriums every day.
At the pyres of dozens of eyes, the nights are burnt.
No one can match the last scene of life lived,
committing suicide.
You rather measure
all the complex hexagons of telluric geometry.
Fixing all the tilted radiuses with adroit hands,
proclaim, standing on the podium,
'Life is a wondrous rainbow fighting against void.'

(Translated by Mohammad Shafiqul islam)

জীবন-শূন্যতার বিপরীতে

তুমি চলে যাবার পর
রোদের চোখে কোন জলকণা দেখিনি ।
পাখিরাও ডানা খুলে পালন করেনি কোন শোক ।
তোমার প্রস্থানের বিহ্বলতায়
গোলাপি কাগজে কবিতা লেখার অভ্যেস
এতটুকু পাল্টায়নি আলেকজান্ডার দ্যুমে ।
তোমার অদৃশ্যানে
অন্ধ কবি হোমার ফিরে পায়নি তার দৃষ্টিশক্তি ।
সৃষ্টি হয়নি ইলিয়াড বা ওডিসির চেয়ে আরও ঐন্দ্রজালিক
কোন মহাকাব্যের ।
এমনকি সিলভিয়া প্লাথের চিঠি লেখাও থেমে থাকেনি একবিন্দু ।
ওদের কথা না হয় বাদই দিলাম ।
শুধু এটুকু বলো
তোমার নির্গমনে কী কী থেমে ছিল বা আছে
ঘাস ফুলের পরাগায়ন?
বাতাসের অবাধ্যতা?
রেণু পোনা সংগ্রহ?
নীতিহীন রাজনীতি অথবা
খুব সাধারণ কোন কবিতার জন্ম?
কিছু কি থেমে ছিল?
না, কিছু থেমে থাকেনি । কিছু থেমে থাকে না ।
দিনগুলো রোজ হাই তুলে জেগে ওঠে শ্মশানে ।
রাতগুলো ডজন ডজন চোখের চিতায় ভস্ম হয় ।
বস্তুত স্বেচ্ছামৃত্যু দিয়ে জীবনাক্ষের শেষ দৃশ্য কখনই মেলানো যায় না ।
বরং তুমি মিলিয়ে ফেলো জাগতিক জ্যামিতির জটিল সব ষড়্ভুজ ।
আঁকাবাঁকা ব্যাসার্ধকে নিপুণ হাতে জুড়ে দিয়ে কেন্দ্রে দাঁড়িয়ে ঘোষণা করো,
ইহা প্রমাণিত যে, ‘জীবন-শূন্যতার বিপরীতে লড়ে যাওয়া এক আশ্চর্য মেঘধনু’

Ashes of Sundry Sorrows

Just after separation of sorrows, I come to know
how happy we were.
Our agonies are skilled in household chores.
Inabilities were quite corporate too.
Filling the pen of sorrows with evening wind,
we would always write
the sonnets of our failures.
We know the language of blossoms is hidden at germination.
Deeper than that is the wound.
Regal was the sum of our pique.
Our complaints are like high rise buildings.
Yet accumulating pieces of atomic frustrations, always in
the war,
With extraordinary dexterity
We've created open skies.
We've built homes with tamal trees.
Beautiful stars.
Drops of dew.
No matter if others know,
We know indeed, just the moment two lips unite
All the aristocracy of cigarettes instantly burns into ashes.

(Translated by Mohammad Shafiqul islam)

বিবিধ বেদনার ছাই

দুঃখগুলো বিচ্ছিন্ন হবার পরেই মূলত জেনেছি
আমরা কতটা সুখী ছিলাম।
আমাদের বিষাদেরা গৃহকর্মে সুনিপুণ।
অক্ষমতাগুলোও ছিলো বেশ কর্পোরেট।
সন্ধ্যের বাতাস ভরে বিষাদের কলমে
আমরা প্রতিনিয়ত লিখে যেতাম ব্যর্থতার সনেট।
জানি অঙ্কুরোদগমেই লুকিয়ে থাকে পরিস্ফুটনের ভাষা।
তবু তার চেয়েও গভীর এই রেখে যাওয়া ক্ষত।
আমাদের অভিমানের অংকটা ছিলো রাজসিক।
আমাদের অনুযোগগুলো বহুতল ভবনের মত।
নিয়ত যুদ্ধরত এইসব পারমাণবিক হতাশার টুকরো
জড়ো করে আমরা কী নিপুণতায়
গড়ে তুলেছি একেকটি বুকখোলা আকাশ।
একেকটি তমালের ছায়ামাখা গৃহ।
একেকটি উদ্যম তারা।
একেকটি শিশিরের নাকছাবি।
আর কেউ না জানুক
আমরা তো জানি
নরম ঠোঁটের সংস্পর্শ পেলে চুরুটের যাবতীয় আভিজাত্য
কী আনন্দেই না ছাই হয়ে যায়।

Assumption

Assume,
you live in a city where the sky doesn't bear clouds. Some
fresh blood often floats up to cover the absence of clouds.

Assume,
you live in a city where children buy for their father burial
cloth or funeral pyre during Eid and puja rituals.

Assume,
you live in such a city where your near and dear ones don't
worry about your return back home. Your return is indeed
an endless wonder and God's great will.

Assume,
you live in a city where police arrest you against the crime
of keeping a pen in your pocket.

Assume,
you live in a city where birth cries are considered crimes;
newborns are hanged just the day they're born. Confessing
the crime of birth, you say, 'Great death, I chastise my death
for the waste of yet another bullet. To evade the waste, let
all the ways of birth be stopped.'

Take on bullets instead of rain
Think of fire in lieu of light
Murder rather than life
Nights instead of states
Assume, think, assume...

How long would you assume?
How much can your mind carry?
Still for the last time
Try to assume –
are you alive?

(Translated by Mohammad Shafiqul islam)

মনে করুন

মনে করুন,

আপনি এমন এক শহরে থাকেন যার আকাশে কোন মেঘ জমে না। কিছু তাজা লাল রক্ত প্রায়শই উড়ে গিয়ে মেঘের ঘাটতি পূরণ করে।

মনে করুন,

আপনি এমন এক শহরে থাকেন যে শহরের সন্তানেরা ঈদ অথবা পূজাপার্বণে কিনে আনে পিতার কাফনের কাপড় অথবা চিতার কাঠ।

মনে করুন,

আপনি এমন এক শহরে থাকেন যেখানে ঘর থেকে বেরুলেই প্রিয়জনেরা প্রত্যাবর্তনজনিত কোন দুঃশ্চিন্তায় ভোগে না। আপনার ফিরে আসাটাকেই বরং এক অপার বিস্ময় আর বিধাতার লীলাখেলা ভেবে চুপসে যায়।

মনে করুন,

আপনি এমন এক শহরে থাকেন যেখানে বুক পকেটে কলম রাখার অপরাধে আপনাকে অস্ত্র মামলায় ফাঁসানো হয়।

মনে করুন,

আপনি এমন এক শহরে থাকেন যেখানে জন্মের চিৎকারকে অপরাধ ভেবে সেদিনই আপনার মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। জন্মের অপরাধ স্বীকার করে আপনাকে বলতেই হয়, ‘মহামান্য মৃত্যু, আর একটি বুলেট অপচয়ের জন্যে আমি আমার জন্মকে ধিক্কার দেই। আপনার এই অপচয়রোধে জন্মের সব পথ আজ থেকে বন্ধ করে দেয়া হোক।’

মনে করুন বৃষ্টির বদলে বুলেট

মনে করুন আলোর বদলে আগুন

মনে করুন জীবনের বদলে জিঘাংসা

মনে করুন রাষ্ট্রের বদলে রাত্রি।

মনে করুন... মনে করুন... মনে করুন...

কত আর মনে করবেন?

এতটুকু মনে আর কতইবা ধরে!

তবু শেষবারের মত

মনে করার চেষ্টা করুন,

আপনি বেঁচে আছেন তো?

Where Don't You Exist?

Yesterday at a huge gathering your glasses and wristwatch witnessed- you're alive.

After lots of hurdles, a blood-smudged panjabi and an old Charminar pipe turned in to the public court. In a trembling but firm voice, they also confirmed-you aren't dead.

The Delhi train bound for Benapole, compartments of the train, the boy who had recognized you-all of them witnessed: you're alive.

Evading paws of vultures and rapacious eyes of ferocious monsters, you blanketed yourself in the night's solitude and amidst intensity of darkness so many times. With deep empathy, they locked you in love, as if a child into his mother's lap. The solitude of that night swore by his womb-you're alive.

The Bigar river, boatmen, and boats witnessed, your first speech in Bengali in the United Nations witnessed, the sovereign land witnessed-you belong to them.

You exist among a pair of doel birds, in the deep yellow mustard fields, and orchards of white reeds, amidst the proud red-green map; and where not, you think?

How wonderfully you're merged with the Suhrawardi Ground, the fervid speech, the inspired youths, the voice of revolutionaries, and poetry!

Can you remember you wanted to be the father of each and every tortured and humiliated girl?

Now listen carefully-every mother in each house of this Bengal has named their children after yours.

Now you say, O the son of Bengal-where don't you exist?

(Translated by Mohammad Shafiqul islam)

কোথায় নেই তুমি

গতকাল এক জনাকীর্ণ সভায় তোমার চশমা আর ঘড়ি সাক্ষী দিয়েছে—তুমি বেঁচে আছো।

এক রক্তমাখা পাঞ্জাবী আর এক বৃদ্ধ চারমিনার পাইপ অতি কষ্টে নিজেদের হাজির করেছিলো গণমানুষের আদালতে। কাঁপা কাঁপা অথচ কী দৃঢ় কণ্ঠে ওরাও বলেছে—তুমি মৃত নও।

দিল্লি থেকে বেনাপোলগামী ট্রেন, ট্রেনের কামরা, তোমায় আচম্বিতে চিনে ফেলা সেই সাহসী যুবক, সবাই, সবাই সাক্ষী দিয়েছে—তুমি বেঁচে আছো।

শকুনের থাবা আর হিংস্র দানবের শিকারী চোখ এড়িয়ে, রাত্রির নির্জনতা আর আধারের প্রগাঢ়তায় নিজেকে আড়াল করেছ কতশতবার। পরম মমতায় ওরা তোমায় আগলে রেখেছিল; যেন মাতৃকোড়ে আগলে থাকা শিশুটি। সেই রাত্রিকালীন নির্জনতাও তার জঠরের দিব্যি দিয়ে বলেছে—তুমি বেঁচে আছো।

সাক্ষী দিয়েছে বাইগার নদী, সাক্ষী দিয়েছে জেলের নৌকো, সাক্ষী দিয়েছে জাতিসংঘে দেয়া তোমার প্রথম বাংলা ভাষণ। সাক্ষী দিয়েছে স্বাধীন ভূখণ্ড—তুমি ওদের ঘিরেই আছো।

এক জোড়া দোয়েল, হলুদবরণ সর্ষের মাঠ, নীল আকাশ, গুঁড় কাশের বন, গর্বিত লাল-সবুজ মানচিত্র; বলতে পারো, কোথায় নেই তুমি?

সোহরাওয়ার্দী উদ্যানে, প্রদীপ্ত ভাষণে, উজ্জীবিত তারুণ্যে, বিপ্লবীর কণ্ঠে, কবির কবিতায় কী আশ্চর্যরকম ভাবে মিশে আছো।

তোমার মনে আছে? নির্যাতিত, লাঞ্ছিত প্রতিটি মেয়ের বাবা হতে চেয়েছিলে তুমি।

আজ কান পেতে শোনো, এই বাংলার প্রতিটি ঘরে প্রতিজন মা তার সন্তানের নাম রেখেছে তোমার নামে।

এবার তুমিই বলো হে বঙ্গসন্তান ; কোথায় নেই তুমি?

Sycorax

Wide spreading the Mast-Wings at right side of Buddha
Closing your eyes you're visualizing the perplexed world
Dead leaves of woods fall
Left behind uncanny murmurs on the earth.
Those murmurs full of surprise, disclose
The meditative posture of the wings
And learns the extraordinary flying techniques of
Deep rooted stems

(Translated by Ashoke kar)

সিকোরাক্স

সিকোরাক্স,
বুদ্ধার ডান পাশে মেলে রেখে ডানার মাঙ্গুল
চোখ বন্ধ করে দেখছে দ্বিধাবিহীন পৃথিবী।
বৃক্ষের মরা পাতা ঝরে যায়
অপার্থিব শব্দ রাখে পৃথিবীর পাতে।
সেই শব্দেরা বিস্ময়ের চোখে দেখে
ডানার ধ্যানভঙ্গিমা।
শেখে মাটিতে গ্রথিত শিকড়ের
উড্ডয়নের অনন্য কৌশল।

Today, My Rain-enchanted Thoughts

How are those clouds doing at your hometown?
How are you having childish fuss with light?
Let the gossips viral, overwhelming talks
Let the stream-bird sleep into bosom with tender love

Hearsay is, the Cloud-masts anchor at hometown too
That's why the melancholy of monsoonal shower
Has it's gloomy face.

I move with urge to carry gently blowing winds
With utmost care I collect pleasure of touching you

(Translated by Ashoke kar)

আজ বৃষ্টিমাতাল মন

তোর শহরের মেঘগুলো সব কেমন আছে?
আলোর সাথে আদিত্যেতায় কেমন মাখামাখি?
চলতে থাকুক কানাস্থলো, কথার বাড়াবাড়ি
আদর পেয়ে উষ্ণ বুকো ঘুমাক জলের পাখি।

লোকে বলে এই শহরেও মেঘ মাস্তুল থামে
বর্ষাজলের বিরহ তাই দুখিনী এক মুখ।
আমি হাওয়া বয়ে যাবার তাগিদ নিয়ে চলি
খুব গোপনে কুড়াই তোকে ছুঁয়ে দেবার সুখ।

I address Them The Autumn

All the warmth downstream from hills
Or the navigability of streamy water;
Reminds me of her always.
Her right side is lovelorned
And left side is lapis lazuli.
The golden neck-crease of the sky
Dear couples long for wedlock.
A poet once wrote about
Song of the silence with sound of dew
The untested fragrance of chilling amour
Mingled with the glows of dawn
Scratches of paddies are on misleading airflow
I dive underwater in the sea of harvest
Since then I address all expectant mothers
The autumn.

(Translated by Ashoke kar)

হেমন্ত সম্বোধনে ডাকি আমি

যাবতীয় উদ্ভাপ বয়ে চলা পাহাড়ি ঢল
কিংবা স্রোতসুন্দর কোন নদীর নাব্যতায় ;
কেন যেন তাকেই মনে পড়ে ।
ডান পাশে যার বিরহসুন্দর আর
বামপাশে নীলকান্তমণি ।
আকাশে সোনালি গ্রীবার ভাঁজ
পরিণয়সূত্র খোঁজে হরিণ হরিণী ।
শিশিরের শব্দ নিয়ে কোন এক কবি
কবে যেন লিখেছিলো নীরবতার গান ।
সন্ধ্যের আলোর গায়ে মাখামাখি থাকে
অঘ্রাত শীতের শিরশিরে অভিমান ।
বিপরীত বাতাসের পিঠে ধানের আঁচড়
শস্যসাগর পেয়ে ডুবসাঁতারে নামি ।
সন্তানসম্ভবা সব নারীকেই সেই থেকে
হেমন্ত সম্বোধনে ডাকি আমি ।

One Can Get A River If Desired

There's the river at the dead end of the road
Everyday, before I leave my home I think
I must meet my river today!
As I get a bit further, I discover
Someone has already been there before me.

And then someone else
And the next day, another guy
With infinite thirsts and limitless desires
They move toward the river

I do feel so oblivious
Like yellow grasses at the shore
Like dry sands at the desert
I can't reach myself by the sea!

Eventually pace by pace
Distractingly I keep myself away
With each step ...
It might even be a thousand steps, if counted
I draw myself aside, my hopes gets shrunken
And I abandon before I move any further

Then surprisingly I discovered the river-flavor breezes
Bashfully touching me so silently!
I stared cautiously-
With sharee of water, with curvy-wavy locks of hair
He is passionately longing for me
With the river-wide thirsts in his eyesight
He has been waiting for me!

Amazingly I realized
One can acquire her love-river even stepping backwards!

(Translated by Ashoke kar)

চাইলেই নদী পাওয়া যায়

রাস্তার শেষেই একটা নদীর দেখা মেলে
রোজ বাড়ি থেকে বেরবার আগে ভাবি
আজ ঠিক যাবোই নদীর কাছে
কিছুটা যেতেই দেখি
কেউ একজন পৌঁছে গেছে আমারও আগে ।

তারপর আরেকজন
তারপরদিন আরো একজন
অনন্ত তৃষ্ণা আর কী ভীষণ আকাঙ্ক্ষা নিয়ে
ওরা কেবলই নদীর দিকে ছোটো ।

আমার কেমন বিবশ লাগে
বেলাভূমির হলদে ঘাসের মত
মরুর শুকনো বালুর মত
দুপুর গলা রোদের মত
আমি আর পৌঁছতে পারি না নদী অবধি ।

এইভাবে একটু একটু করে
সরে যেতে যেতে
আমি আরো পিছিয়ে পড়ি
এক পা, দুপা
গুনতে গেলে অজস্র পা
আমি আরো সরে যাই, আরো চুপসে যাই ।

যেতে যেতে সহসাই থমকে তাকাই
দেখি এক নদীগন্ধি বাতাস
লাজুক লয়ে ছুঁয়ে গেল খুব নীরবে
দেখি জলের শাড়িতে, এলোটেউ খোপায় জড়িয়ে
চোখে তৃষ্ণার নদী নিয়ে, সে দাঁড়িয়ে আছে ঠায়
আমারই অপেক্ষায় ।

মৃদু হেসে শুধু ভাবি,
পিছিয়ে এসেও তবে নদী পাওয়া যায় !

Identity

I realized while floating away in rambling floodwater
That I've to arrang my own funeral.
My floating journey is to
Find a handful of soil or a slice of fire
To make myself pure with burning.
Floating on floodwater or carried by the current
Where should I reach, who knows!
Who am I? What is my identity?
Am I the barren land or the reserved-forest?
In an immaculate night, suddenly I, got back myself.
Into the colorless sheet of wind,
Onto the floating tent under the silvery moon, onto water-bed
I'm the endangered world map.

(Translated by Ashoke kar)

আইডেন্টিটি

উদ্রাস্ত বেনো জলে ভেসে যেতে যেতে মনে হলো
আমার সৎকার বুঝি আমাকেই করতে হবে ।
পুড়ে খাঁটি হবো বলে এক মুঠো মাটি,
বা এক চিলতে আগুনের খোঁজে
এই ভাসমান পথচলা ।
স্রোতের টানে জলের বানে
ভাসতে ভাসতে কোথায় যাবো কেই-বা জানে ।
কে আমি? কি আমার পরিচয়?
আমি কি ঊষর ভূমি নাকি অরণ্য অভয়?
এক বিগুদ্ব রাতে আচমকাই ফিরে পেলাম নিজেকে ।
রংহীন বাতাসের শাড়িতে
চাঁদের রূপালি শামিয়ানায়-জল বিছানায়,
আমি এক বিপন্ন মানচিত্র ।

Really I Know Nothing

Scrolling Facebook and shopping clothing, shaving creams, trim, bra on line; watching wigs, Puja shopping, Eid marketing, preaching from civil society big shots.

Why I'm watching; really I don't know!

Stacks of Rumi, Manto, Robert Bly, Sylvia Plath. Turning pages, switching one to another!

Why I'm swiping books, why I'm turning pages for nothing; really I don't know!

I turn one side to another while in bed. Kicking away the thick blanket off my feet. Uncertain if it's the summer or the winter! I get bumps on dressing table while gets off the divan, unfairly complaint to the Night. I become frightened with the browbeat of darkness, quietly get back to bed like a harmless and scratch back to support myself mentally!

But never sure who's back I'm scratching; really I don't know!

While my daughter was either four or might be five years intellectually, one very day she started shouting with surprise, "Mamo, Mamo, j'ai vu l'air; I've seen the air!" I tried to desist her in vain, "Poor girl, air is invisible, none could see air, sweetie", but who could refrain the putti-intellectual; she had been preaching, "while somethings starts boiling or burning, air becomes visible mamo!"

Might be true; recently I'm viewing air!

Why I'm viewing air; really I don't know!

(Translated by Ashoke kar)

আমি আসলে কিছুই জানি না

ফেসবুক স্ক্রল করে করে ক্লোদিং, ফেসিয়াল, শেভিং ক্রিম, ট্রিমার, ব্রা প্যান্টির অনলাইন শপিং, নকল চুল, ঈদের বাজার, পূজোর শাড়ি, সুশীলদের বাণী দেখেই যাচ্ছি।

কেন দেখছি ; জানি না।

হাতের কাছে রুমি, মাস্টো, রবার্ট ব্লাই, সিলভিয়া। পাতা ওল্টাচ্ছি, একটা রেখে আরেকটা হাতে নিচ্ছি।

কেন হাতে নিচ্ছি, কেন পাতা ওল্টাচ্ছি ; জানি না।

শুতে গিয়ে এপাশ ওপাশ করি। মোটা কাঁথা পা থেকে সরিয়ে রাখি। শীত না গরম এই সিদ্ধান্তহীনতায় ভুগি। খাট থেকে নামতে গিয়ে ড্রেসিং টেবিলে ধাক্কা খাই, রাতের কাছে নালিশ জানাই। অন্ধকারের চোখ রাঙানি দেখে কুইকুই করে ল্যাজ গুটিয়ে খাটে ফিরে পিঠ চুলকাই।

অবশ্য কার পিঠ চুলকাই ; জানি না।

মেয়েটার বয়স যখন চার বা পাঁচ তখন একদিন আনন্দে চিৎকার করে বল্লো, ‘মা, মা আমি বাতাস দেখেছি।’ আমি বললাম, ‘ধুর বোকা, বাতাস দেখা যায় বুঝি?’ সে আঙ্গুল তুলে দূরের চিমনি দেখিয়ে বিজ্ঞের মত বললো, ‘যখন কিছু ফুটে বা জ্বলতে থাকে, তখন বাতাস দেখা যায়।’

ইদানীং আমিও বাতাস দেখছি।

কেন দেখছি তা জানি না।

Tormented Red Red Bombax Flower

I should disappear as if I'm lost forever
Should cover my walkways in green grasses
As not to come back again.
I shall leave behind overflowing collections of parrot flowers
So that you won't have a chance to recollect me!
I'll let bards know to pluck up melancholias of yours'
Let your pleasant moments set wings
Like green parrots over flame-red Regia forests!
Bounding waves of your pleasures
May find their own ways to oceans
I should have drifted far away with clouds.
I'm like the widowed dusk
Have to burn myself in the evening
I should have hid myself to that memory den of mine!

Amazed by beauties of red red Bombax flowers
Did anyone ever realize how much palish cry hidden there?

(Translated by Ashoke kar)

লাল লাল শিমুলের ব্যথা

হারাবার মত করেই হারিয়ে যাবো
ফিরে না আসার মত করে
পথগুলো মুড়িয়ে দিয়ে যাবো সবুজ ঘাসে ।
স্মৃতিতলায় এত পলাশের সমারোহ ঘটিয়ে যাবো যে;
আমাকে মনে করার ফুরসত মিলবে না তোমাদের
পাখিদের বলে যাবো ,
খুঁটে খুঁটে খেয়ে নিতে তোমাদের সমস্ত বিষাদ ।
কৃষ্ণচূড়ার বনে সবুজ টিয়ের মত
ডানা ঝাপটাক তোমাদের আনন্দক্ষণ ।
তোমাদের ছলকে ওঠা সুখের ঢেউগুলো
আপন আপন সমুদ্র খুঁজে পাক ।
আমাকে তো মেঘের মত চলে যেতে হবে ।
আমাকে তো বিধবা বিকেলের মত
সন্ধ্যের চিতায় পুড়ে যেতে হবে
আমাকে তো ফিরতেই হবে নিজস্ব স্মৃতির কোটরে ।

লাল লাল শিমুলের মুখ দেখে কে কবে বুঝেছে
বুকে তার কতখানি হলদেটে কান্না জমে থাকে ?

Whenever You Say Goodbye

Whenever you say Goodbye, I feel so lonely
As if, a lonesome signal light in a distant platform
As if, the solitude hangs frozen by misty haze.
Goodbye; such a tiny word
A tidal wave inside the heart
Like insomniac nights synonymous to quartz bangles
Suddenly broken into thousands of pieces
The lamenting eco of silent mourning.

As many times you say Goodbye -
That many times I find my name has been written on
gray leaves
As if, whispering someone, reminds me the summon of fall-off

Whenever you say Goodbye -
Someone makes me scribble my name on my wailing paper!
You're a complex adverb; a feeling that
Resonates in my veins nonstop, all through, always!

When you utter that very word; nothing is compared
To this world than such bemoans I discovers ...
Bye, means - the distant lonesome lighthouse
Bye, means - the speechless spiritual singer
Bye, means - the blind traveler of the world
Bye, means - the only moving mannequin of the universe I'm!

(Translated by Ashoke kar)

তুমি যাই বললেই

তুমি যাই বললেই আমি একা হয়ে যাই ।
দূরবর্তী প্ল্যাটফর্মে যেমন একা পড়ে থাকে সংকেতবাতি
কুয়াশার কোল ঘেঁষে যেমন দাঁড়িয়ে থাকে নির্জনতা ।
যাই; এইটুকু শব্দে
কত যে উথাল-পাতাল ঢেউ
কাচের চুড়ির মত খানখান ভেঙে পড়া কত নিদ্রিত রাত
কত যে নিশুপ কান্নার শোকাবহ প্রতিধ্বনি ।
তুমি যতবার বলো, যাই;
ততবার আমি বিবর্ণ পাতায় নিজেরই নাম খুঁজে পাই ।
কেউ যেন চুপিসারে শুনিয়ে যায় বৃত্তচ্যুতির সমন ।
তুমি যাই বললেই
কে যেন হাহাকারনামায় স্বাক্ষর করিয়ে নেয় আমারি নাম
শিরায় উপশিরায় নিয়ত অনুভূত হয়; তুমি এক দুর্বোধ্য সর্বনাম ।
সমস্ত পৃথিবী ঘেটে কোথাও এতটা হাহাকার মেলে না
যতটা মেলে তোমার এই উচ্চারণে ।
যাই মানেই আমি এক একাকী লাইট হাউজ
যাই মানেই আমি এক বাকহারা বাউল
যাই মানেই আমি এক অন্ধ পরিব্রাজক
যাই মানেই পৃথিবীর বুকে আমি এক চলমান ম্যানিকুইন ।

Love is Like Grains of Corn

1.

Hesitations now sleep over throughout our bed.

2.

Fumbles seems glowing as starry-nights at other side of waters
Someone please let him know, I'm waiting for at Riverside.

3.

Grieve accrues daily into the eyes of fishes
As the festive flew away to distant living
Let's start talking about our love life then.

4.

Love is like grains of corn
The golden beaked birds pluck them over
Keep eyes on left alone repentance
You might get my address in there.

(Translated by Ashoke kar)

ভালোবাসা শস্য দানার মত

১.

ইদানীং দ্বিধারা শুয়ে থাকে আমাদের বিছানা জুড়ে।

২.

ভুলগুলো নক্ষত্রের মত ফুটে আছে জলের ওপারে
এপারে অপেক্ষায় আমি, কেউ তো বলুক তারে।

৩.

মৃত মাছের চোখে রোজ জমা হয় শোক
উৎসব উড়ে গেলে দূরের শহরে
আমাদের প্রেম নিয়ে কিছু কথা হোক।

৪.

ভালোবাসা শস্যদানার মত
সোনালি ঠোঁটের পাখি খুঁটে খাবে আরো।
পড়ে থাকা বিরহে চোখ রাখো
আমার ঠিকানা খুঁজে পেলোও পেতে পারো।

Tenets of Sadness- 1

The autumn took away entire paths of the town
Within its lips and went back to previous homestead.
Oh my loving gardener -
Where does your Bakul-fragrant wife stay now?
You took with you all flower vending shops
Folding into your breast-pocket.
Know that -
As for an accomplice of making 'Hair-knots' a widower
One day you'll be blasphemed
This habitat will call you 'the Lover'.

(Translated by Ashoke kar)

বিরহসূত্র- ১

শহরের সব ক'টি পথ ঠোঁটে নিয়ে
বসন্ত চলে গেছে প্রাক্তন ভিটায় ।
ও মনমালি,
তোমার বকুলবউ এখন কোথায় দাঁড়াবে?
সব ক'টি ফুলের দোকান
বুকপকেটের ভাঁজে নিয়েছো মুড়িয়ে ।
জেনে রেখো,
খোঁপাকে বিধবা করার অপরাধে
একদা এ শহর তোমায়
প্রেমিক নামেই তিরস্কার করবে ।

Tenets of Sadness- 2

After losing the desirous silky feathers
You're drafting the mourning elegies
Oh my loving gardener
Onto the walls of the blood-shrine
Write down -
Write down the lamenting of ocean-leaves
Along with the story of Ring-fingers' longing.

(Translated by Ashoke kar)

বিরহসূত্র- ২

পিয়াসী পেখম পালক হারিয়ে
বুনে চলে শোকসংহিতা ।
প্রিয় মনমালী,
রক্তমন্দিরের দেয়ালে দেয়ালে
লিখে রাখো
সমুদপাতার হাহাকার ।
আর এক অনামিকার অপেক্ষার গল্প ।

Tenets of Sadness- 3

In your town, rain does the showering dance
And on our side, the vast of our heart bursts.
Have you insisted ever to know
How do her nights pass by?

The rage of words burn down her dreams
The days are run into astray
Onto the narrow ally's sliced thin sky
Could you follow the moon that easily?

(Translated by Ashoke kar)

বিরহসূত্র- ৩

তোর শহরে বৃষ্টি অথৈ নাচে
এ তল্লাটে বুকের জমিন ফাটে
একবারও কি জানতে ইচ্ছে করে
রাতগুলো তার কেমন করে কাটে?

কথার আগুন স্বপ্ন পোড়ায় রোজ
দিনগুলোতো বড্ড এলেবেলে
ঐদো গলির সরু আকাশ পথে
সহসা কি চাঁদের দেখা মেলে?

Tenets of Sadness- 4

On the sunburned soil, Musks have a variety of colors.
The melting town is burning unnumbered acres of land
The stoney faces before casting their sorrows
I plant my pathos too deep inside of myself.

One day I should be the vendor of Musks
You could never imagine how could it be
How could we leave each-other and then everybody.

(Translated by Ashoke kar)

বিরহসূত্র- ৪

তপ্ত মাটিতে মুখোশের কত রং
গলিত শহর পোড়ায় কত না ভুঁই
মুখোশ মানুষ দুঃখ দেবার আগে
নিজেই নিজের বেদনার বীজ রুই ।

একদিন দেখো আমিও তোমার মত
হয়ে যাবো ঠিক মুখোশের কারবারি
হিসেব তখন মিলবে না কিছুতেই
কে কাকে কখন কিভাবে গেলাম ছাড়ি ।

Tenets of Sadness- 5

I'd sell my sleepless nights at the Firefly market
I've a long nourishing fantasy to buy the widespread afternoon
I would buy sun painted pines and olive greens
And from the bosom of that afternoon, I'd pluck in hooks
Her golden affections, and resonance of transgressed touch.

(Translated by Ashoke kar)

বিরহসূত্র- ৫

ঘুমহীন রাতগুলো আমি বেচে দেবো জোনাকির হাটে ।
আসমুদ্রহিমাচল এক বিকেল কেনার শখ বহুদিনের
রোদ মাখানো দেবদারু আর জলপাই সবুজ
সেই বিকেলের বুকে ছিপ ফেলে তুলে নেবো
তার সোনালি অনুরাগ আর বিগত স্পর্শের অনুরণন ।

Tenets of Sadness- 6

As if showing mercy,
You did slice apart the facile evening
From the limbs of the night.
Since then, the needle of the eternity
Looking for the garden of luminous threads.
The sole-assassin did never know -
Before that injured evening
The God has been a poet too.

(Translated by Ashoke kar)

বিরহসূত্র- ৬

করণার মতন করে,
রাত্রির শরীর কেটে বিচ্ছিন্ন করলে
সাবলীল সন্ধ্যেকে ।
মহাকালের সুঁই সেই থেকে
খুঁজে ফেরে আলো-সুতোর বাগান ।
আত্মা-খুনী জানলোই না,
সেই আহত সন্ধ্যের আগ পর্যন্ত
ঈশ্বরও একজন কবি ছিলেন ।

Tenets of Sadness- 7

I did put the whole winter in auction
Along with all the mists of twenty three late autumn ...
I wrapped myself in a blanket of waiting during the dew
season.
After long walking the tired Jingling-bells
Looking for earnest place to relax in green water.
The muddy water, it's desire to settle, fulfill into water.
Water changes its color over again.
The arrogant swan makes the history bleed by pricking
forehead.
White pages suffering from anemia
Draw pictures of unlamented remorse on pale hospital
windows.
Thy autumn, wake up, start -
How long would you waste being the arboreal?

(Translated by Ashoke kar)

বিরহসূত্র- ৭

আন্ত একটা শীতকাল নিলামে তুলেছি
সাথে তেইশটি হেমন্তের কুয়াশা ।
অপেক্ষার ব্লাঙ্কেটে নিজেকে মুড়িয়েছিলাম সেই শিশিরকালেই ।
হেঁটে হেঁটে ক্লান্ত নূপুর
সবুজ জলে খোঁজে একান্ত বিশ্রামঘর ।
ঘোলাজল, থিতু হবার ইচ্ছেটা জলে মেশায়
জল আরো রং বদলায় ।
ইতিহাসের কপাল ঠুকরে রক্তাক্ত করে অহংবাদী রাজহাঁস ।
সাদা পাতা রক্তশূন্যতায় ভুগে ভুগে
হাসপাতালের ফ্যাকাশে জানালায় আঁকে নির্মোহ বেদনা ।
ও বসন্ত জাগো, ওঠো
বৃক্ষচারী হয়ে আর কতকাল কাটাবে?

Tenets of Sadness- 8

Have not been crying for long
Tears have become the resident of extraordinary divan
As you did, but I didn't realized.
Now I'm longing for profound monsoons
Though not for me
But the tears, those left me alone, for them.
I shall pretend I'm the oasis of lonely stooped-sorrows
Waters, you're much better into streams
The oasis rather being lost into darken holes.

(Translated by Ashoke kar)

বিরহসূত্র- ৮

অনেক দিন কাঁদা হয় না ।
চোখের জলও কবে পৃথক পালঙ্কের বাসিন্দা হয়েছে
তোমার মতন, টের পাইনি ।
একটা ঘোর বরষা চাই
আমার জন্যে নয়
আমায় ছেড়ে গেছে যে জল, তার জন্যে ।
আমি নাহয় দুঃখ-জমা একাকী এক মরু কুয়ো ।
জল তুমি জলেই ভালো
কুয়ো না হয় গহীন কালোয় ভুবন ভরাল ।

Tenets of Sadness- 9

On your nose tip the meditator Saint
Completed his Hundred-thousand-one nights meditations.
Then he woke up from the meditation in polite smiles
Had holy bath at the flows of Ganges from the virtuous
eyes.
Finally, he came off bathing, unclothed-wet, over her
cheeks.
For worship, from the lip-garden he plucked sacred flowers
On the shrine of forehead, he decorated piles of holy
offerings
Then ignited foams of aroma vapor from the glow of the
fullmoon
Finally on holy offertory fire,
the Saint perfectly sacrificed himself.
Tonight, the Saint, turned to be the vermillion.

(Translated by Ashoke kar)

বিরহসূত্র- ৯

তোমার নাসিকা চুড়ায় ধ্যানমগ্ন ঋষি
সেরে নিলো একলক্ষ এক রজনীর তপস্যা ।
অতঃপর ধ্যান ভেঙ্গে স্মিতহেসে পূণ্যবতী
চোখের গঙ্গায় পেলো পবিত্রস্নান ।
স্নান শেষে সিক্ত উদোম গায়ে উঠে এলো কপোলতটে ।
ঠোঁটের বাগান থেকে তুলে নিলো বিগুন্ধ পূজোর ফুল ।
ললাট মন্দিরে ঋষি সাজালো থরে থরে নৈবেদ্যের থালা ।
পূর্ণিমা অনলে জ্বলে নিল ধূপ-ধূনো আর আরতি আগুন ।
রক্তিম টিপের যজ্ঞবেদিতে নিজে কৈ দিলো সার্থক জলাঞ্জলি ।
আজ রাতে ঋষি সিঁদুর হবে ।

About Translators

MOHAMMAD NURUL HUDA

Born on 30 September, 1949 (Cox's Bazar, Bangladesh), Mohammad Nurul Huda is a finest Bengali poet of international standing. He has so far published more than 100 titles in prose and poetry. His poetry books are more than sixty. His poems have appeared in many international languages including English, French, German, Russian, Arabic, Urdu, Hindi etc. He has been honoured with many awards including *Ekushey Padak* (2015, Highest Civilian Honour in Bangladesh), *Bangla Academy Literary Award* (1988), *Poet of International Merit* (ISP, USA, 1995), *President's Honour* (Turkey, 1996), *SAARC Literature Award* (2019), *Mahadiganta Award* (Kolkata, India, 2007), *Ruposhi Bangla Jibanananda Prize* (Kolkata, India, 2010), *Karubhas Binoy Majumdar Prize* (Kolkata, India, 2011) *Tripura State Award* (India, 2012), *KobiShrestho* (Poet Best 2017, Brahmanbaria Sahitya Academy) etc.

Mr. Huda is a noted critic, translator, IPR specialist, folklorist, novelist and cultural activist. He worked in Bangla Academy (1973-2006) and retired as Director in 2006. He also worked as Executive Director of Nazrul Institute (1995-2001). Poet Huda is currently President of Bangladesh Writers Club and founder Chairman of KabitaBangla, an aesthetic movement of poetry with the slogan 'Poetry for Human Beauty'. He organizes an international poetry festival titled Darianagar Kabita Mela and a unique 'Peace Procession of Poetry' from Dhaka to Darianagar or some other remote area of the country in December every year. A widely travelled man, he also worked as a consultant of WIPO for traditional cultural expressions of Bangladesh. He is editor, *artsbdnew24.com*. Now he is working as Professor and Chairman of English Department, European University of Bangladesh, Dhaka, Bangladesh.

ASHOKE KAR

Born on January 02, 1959 at Rajbari, in Bangladesh, Ashoke Kar has been engaged in literary activities and cultural organizations since his adolescence. During the 80's and 90's, his poems, short stories, essays, and translations were published in national and mainstream literary media, magazine, and publications. Around the 80's he edited the literary magazine 'Jhalok'. His writings became creatively promising and dynamic, Ashoke Kar successfully created his own literary styles, contexts, idioms, and gaining scholastic recognitions of his contemporary genre. Since 1999 he has been in United States for his profession. During his tenure in abroad, Ashoke Kar continued his contributions in Bangla Literature, energetically engaged in globalizing Bangla Literature worldwide via translations, publications, and cultural motivations. He edited and published several bilingual poetry anthologies (in Bengali & English) coauthoring with different poets contributing his versions in English. *পর্যায়ের আড়ালে* (Beyond Surrealism)" is his debut anthology of Bangla poetry, published in Kolkata, India, in 2019.

MOHAMMAD SHAFIQUUL ISLAM

Mohammad Shafiqul Islam, poetry editor of *Reckoning*, is the author of *Wings of Winds*, and translator of *Humayun Ahmed: Selected Short Stories* and *Aphorisms of Humayun Azad*. In February 2017, he was a poet-in-residence at the Anuvad Arts Festival, India, and his poetry and translation have appeared in *Journal of Postcolonial Writing*, *Poem: International English Language Quarterly*, *Critical Survey*, *SNReview*, *Reckoning*, *Dibur*, *Lunch Ticket*, *Bengal Lights*, *Armarolla*, and elsewhere. His work is anthologized in various publications, including *The Book of Dhaka: A City in Short Fiction*. A PhD on poetry, Islam teaches English literature at Shahjalal University of Science and Technology, Sylhet, Bangladesh. At present, he is at work on his second collection of poetry and a few translation projects.